

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০১৬.২০১৬-৪০

তারিখ : ০২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ


বিষয়ঃ “সিলেট বিভাগ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প(২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্রঃ (১) পরিকল্পনা কমিশন এর স্মারক নং-২০.৩৪৬.০১৪.০১.০১.১৭৬.২০১১(অংশ-১)-২৪৫  
(২) আইএমইডি'র স্মারক নং-২১.০০.০০০০.২৩৩.১৪.১৩১.১৭.১৭৬

তারিখঃ ২৭/১২/২০১৭  
তারিখঃ ২০/১২/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাদীন “সিলেট বিভাগ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প(২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ নিম্নোক্ত শর্তে ০২(দুই) মাস অর্থাৎ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হলো :

- (ক) প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে প্রকল্পের মেয়াদ সমাপ্তির কমপক্ষে ৩(তিন) মাস পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ আইএমইডি ও পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করতে হবে। ভবিষ্যতে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) প্রকল্প পরিচালককে পরিকল্পনামাফিক কাজের তালিকা (Work/Activity list) প্রণয়নপূর্বক Work breakdown Structure (WBS) অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করতে হবে যাতে প্রকল্প সমাপ্তির পূর্বে ঘন ঘন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রবণতা পরিহার করা যায়;
- (গ) বর্ণিত মেয়াদ (ফেব্রুয়ারি ২০১৮) এর মধ্যেই অবশিষ্ট সকল কার্যক্রম সম্পন্ন করে সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন আইএমইডি'তে প্রেরণ করতে হবে;
- (ঘ) নির্মাণ সামগ্রী ও কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
- (ঙ) কোন অঙ্গের বাস্তবায়ন কাজ বাদ দেয়া যাবে না এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত প্রকল্পের এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না;
- (চ) প্রকল্পের উদ্দেশ্য ও কর্মপরিধি কোনরূপ পরিবর্তন করা যাবে না; এবং
- (ছ) ভবিষ্যতে আর প্রকল্পের মেয়াদ বৃদ্ধি বা সংশোধন করা যাবে না।



(মোঃ দিদারুল আলম)

সিনিয়র সহকারী প্রধান

ফোন : ৯৫৭৮০১২।

planning1.lgd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৪। মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।